

শর্তহীন ভালবাসা

মেলে দিলো শিকড় বাকড়...  
আমি তার সবুজ পল্লব আর ফুল ছুঁয়ে খুঁজে পাই ভাষা  
সেখানেই স্বপ্ন সুখ জীবন প্রণালী।

সব দরজা খুলে যাচ্ছে বন্ধ ঘরের  
উতল বাতাস ঢুকছে অন্দর মহলে  
বের করে আনতে চায় যত কিছু গোপন সংবাদ।

কিছু কি গোপন থাকে ঘরে বা বাহিরে?

যেখানে যা আছে থাকে যা কিছু সম্পদ  
কিছুই চাই না চাই এক বুক ভালবাসা  
তারই প্রত্যাশী চিরকাল  
প্রত্যাখান করি তাই মৃত্তোর মালা আর হীরের মুকুল।

ভালবাসা আমাদের মোহর মানিক  
অন্ধকার আলো করে তিমির বিনাশী  
বীজমন্ত্র এনে দেয় ছায়া ফেলে ত্রমাগত বোধের গভীরে।

আমি ভালবাসা চাই সেখানেই জীবনের মহৎ উত্থান  
সৃষ্টির নিশানে আছে সম্ভ্রান্ত বিজয়।

মোহিনীমোহন গঙ্গোপাধ্যায়

